মনোনয়নপত্র জমা দিলেন সাজদা আহমেদ

নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া: উলুবেড়িয়া উপনির্বাচনে তৃণমূল প্রার্থী হিসেবে মনোনয়ন পেয়েছিল উলুবেড়িয়ার প্রয়াত সাংসদ সুলতান আহমেদের স্ত্রী সাজদা আহমেদ। শুক্রবার তিনি মনোয়নয়ন পত্র জমা দেন। প্রায় ৫০ জনের একটি দলের সঙ্গে এসে এদিন দুপুর প্রায় আড়াইটে নাগাদ হওড়ার নিউ কালেক্টর বিল্ডিংয়ে তাঁর মনোনয়নপত্র জমা দেন তিনি। মনোনয়নপত্র জমা দেওয়ার সময় সঙ্গে ছিলেন মন্ত্রী ফিরহাদ হাকিম ও অরুপ রায় সহ তৃণমূল নেতা ও কর্মীরা। মনোনয়নপত্র জমা দিয়ে ফিরে ফিরহাদ হাকিম বলেন সুলতান আহমেদ সারাজীবন উলুবেড়িয়ার মানুষদের জন্য লড়াই করেছেন। আগামী দিনে সেই লড়াইয়ের ধারাকে বজায় রাখতে সাজদা আহমদেকে দাঁড় করান হয়েছে উলুবেড়িয়া থেকে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	4	6	2	9		5		3
				8		2	7	
					4	8		9
	9				5	1		2
			9		8			
3		7	1				8	
5		9	4					
	7	4		5				
2		3		7	1	4	9	

গতকালের সমাধান

5	4	9	1	2	7	6	8	3
8	3	6	4	5	9	2	7	1
7	1	2	6	8	3	9	4	5
2	6	4	5	7	1	8	3	9
1	9	8	2	3	6	7	5	4
3	7	5	9	4	8	1	2	6
9	2	3	8	1	4	5	6	7
4	5	1	7	6	2	3	9	8
6	8	7	3	9	5	4	1	2

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২৩ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৬২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৭, **সূর্যাস্ত:** ঘ ৫:০৬ **জোয়ার:** বিকেল : ৪:২১। **ভাঁটা:** সকাল : ১১:৪৩।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

-সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.3823
INR / 1 Euro	76.5024
INR / 100 Jap. YEN	56.0600
INR /1 Pound Sterling	86.0225

শেয়ারসূচক

BSE	34,153.85 ▲	(+184.21)
NIFTY	10,558.85 ▲	(+54.05)

শব্দলিপি- ১০৭৬



রমা পোদ্দার

পাশাপাশি ঃ ১। বকের সারিতে রবীন্দ্রকাব্য ৫। বক্র ৬। রঙিন ৭। অভীষ্ট পূরণকারী ৯। কৈদুলির নদ ১০। নাচনকোঁদন ১২। হত্যাকরার প্রবৃত্তি ১৩। পুণ্যকামী

উপরনীচ ঃ ১। পক্ষান্তরে ২। উচিত কর্ম ৩। বিরুদ্ধ মতবাদ ৪। কামড়াকামড়ি ৬। রোমাঞ্চগন্ধ ৮। রাজা মানিকচন্দ্রের জাদুকরী স্ত্রী ৯। ক্লান্তি ১১। নৌচালক

সমাধান ঃ শব্দলিপি - ১০৭৫

পাশাপাশি ঃ ১। ডাকাতসর্দার ৪। কুহক ৫। করপুট ৭। মকর ৮। বোনাই ১০। প্রাতরাশ ১২। হীরক ১৩। লক্ষ্মীজনার্দন

উপরনীচ ঃ ১। ডাকহরকরা ২। তক্ষক ৩। রকেট ৪। কুঙ্কুম ৬। রসবোধহীন ৯। ইন্তক ১০। প্রাঞ্জল ১১। শজিনা

শাসকদলের অঙ্গুলি হেলনে ভারতী ঘোষকে সরানো হল অভিযোগ বিজেপি'র

নিজস্ব সংবাদদাতা, পূর্ব মেদিনীপুর : ভারতী ঘোষকে সরানো হল এখান থেকে। যখন আমরা বলেছিলাম মানুষ অত্যারিত। মিথ্যা কেস দিয়ে এই ভারতী ঘোষ আমার পার্টির কত কর্মীকে জেলে ঢুকিয়েছে। যখন আমরা বিচার চেয়েছিলাম, তখন বিচার পাইনি। মানুষের উপর অত্যাচারের জন্য ওঁকে বদল করা হয়নি। বদল হয়েছে তৃণমূলের বখরায় কম পড়ার জন্য। বিনপুরে বিজেপি-র সভা থেকে নাম না করে মমতা ব্যানার্জিকে তীব্র আক্রমণ করলেন রাহুল সিনহা।

বিনপুরে বিজেপির জনজাগরণ যাত্রা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন লকেট চ্যাটার্জি ও রাহুল সিনহা। রাহুলবাবু বলেন, হঠাৎ মা (মমতা বন্দ্যোপাধ্যায়) আর মেয়ের (ভারতী ঘোষ) মধ্যে কী গণ্ডগোল হল ? মা আর মেয়েতে ছাড়াছাড়ি। কারণটা কী ? কারণটা বিজেপি নয়। কারণ হচ্ছে, ভাগ টাকাপয়সার ভাগ। রাজ্যে শিল্প পরিস্থিতি নিয়েও সরকারের বিরুদ্ধে তোপ দাগেন রাহুল সিনহা। বলেন, আজ দেখুন লাখ লাখ মানুষ বেকার। মমতা বন্দ্যোপাধ্যায় কী বলছেন ? চিন্তার কোনও কারণ নেই। কড়া নিয়ে, তেল নিয়ে বসে বেগুনি ভাজুন, চপ ভাজুন, তেলেভাজা ভাজুন। এই হচ্ছে রাজ্যের মুখ্যমন্ত্রীর চিন্তাভাবনা। সেই রাজ্যে তেলে ভাজা ছাড়া আর কোনও শিল্পে হবে না। তৃণমূলের হাড়দা অঞ্চলের তৃণমূল পঞ্চায়েত মেম্বার ঝুমা মণ্ডলের নেতৃত্বে ৫০০ জন গেরুয়া পতাকা তুলে নেন।

ভাগ্যলিপি

মেষ

সন্তানের চাহিদা আজ আপনাকে পূরণ করতে হবে। চিকিৎসার ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা সফল হবে।

বৃষ

একটা কাজের দিন সহকর্মিরা আজ আপনার সঙ্গে সমানভাবে কাজ করবেন।

মিথুন

আবেগতারিত না হয়ে যা বলছে তা শোনার চেষ্টা করুন। তাহলে আপনি সফল হবেন।

কর্কট

ভালো মন্দ না ভেবে এগনোর চেষ্টা করুন। তাহলে ফল লাভ করতে পারবেন।

সিংহ

আপনার কাজ সহজেই হয়ে যাবে। কাজেই ধৈয্য ধরুন, সাফল্য আসবে।

কন্যা

আর্থিক দামাডলের মধ্যে আপনাকে। সল্পমেয়াদি লক্ষ পূরণ হতে পারে আজ।

তুলা

ভালো সময়ের মধ্যেদিন আটবে আপনার। পিকনিকের মেজাজে আজ দিন কাটাবে।

বৃশ্চিক

যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন তা পূরণ করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যান।

ধনু

একটা ভালোদিন অপেক্ষা করছে আপনার জন্য। সফল হবেন।

মকর

হঠাৎ করে কাজের বোঝা বাড়বে। কিছুটা ঝুঁকি নিতে হবে। সময় পেলে সুযোগ কাজে

কুম্ভ

ধর্মীয় ব্যাপারে আজ আপনাকে অর্থ ব্যয় করতে হতে পারে।

মীন

আপনার স্বাস্থ্যনিয়ে সমস্যা পড়তে হতে পারে। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন।

জন্মভূমি রেজিনগরে গান স্যালুটে শহিদকে শেষ শ্রদ্ধা

নিজস্ব সংবাদদাতা, তেহট্ট: জন্মভূমিতে শেষবারের মতো রাধাপদ হাজরা। তবে এবার সশরীরে নয়, নিথর দেহ হয়ে। সাম্বা সেক্টরে শহিদ হওয়া জনওয়ানকে শেষ শ্রদ্ধা জানাতে মুর্শিদাবাদের রেজিনগরে ভেঙে পড়েছিল গোটা এলাকা।

চোখের জলে বিদায় জানানো হল বীর জওয়ানকে। রেজিনগর থেকে ২০ বছর আগে চলে গেলেও মুর্শিদাবাদের এই জনপদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়নি রাধাপদর। তাঁর পৈত্রিক ভিটে রেজিনগরের হাটপাড়া এলাকায়। বৃহস্পতিবার জন্মভিটেতে যখন কফিনবন্দি হয়ে দেহ যায় তখন তিল ধারণের জায়গা নেই। শুক্রবার দুপুরে বাড়ি লাগোয়া শক্তিপুর ঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। রাষ্ট্রীয় মর্যদায় গান স্যালুটে শহিদকে শ্রদ্ধা জানানো হয়। শক্তিপুর ঘাটে তখন কয়েকেশো মানুষ। প্রত্যেকের মুখে উঠে আসে রাধাপদর ছেলেবেলার কথা, বীরত্বের কাহিনি। হাটপাড়াতেই তাঁর পড়াশোনা। ১৯৯১ সালে ২৪ বছরে পান বিএসএফের চাকরি। সেনাবাহিনীর কাজের জন্য দীর্ঘদিন তাঁকে বাইরে থাকতে হত।

এতে ছেলেমেয়েদের পড়াশোনার সমস্যা হবে বলে ২০০৮ সালে গ্রামের বাড়ি ছেলেছিলেন রাধাপদ। চলে যান নদিয়ার করিমপুরে। সেখানে কিছুদিন কাটিয়ে পাকাপাকিভাবে থাকতে শুরু করেন নাজিরপুরে। বুধবার আসে মৃত্যুর খবর। এর আগে দু'বার কাশ্মীরে পোস্টিং হয়েছিল রাধাপদর।

একবার পায়ে গুলিও লেগেছিল তাঁর। কিছু দিন অন্যত্র পোস্টিংয়ের পর ফের তাঁকে পাঠানো হয়েছিল উপত্যকায়। রাধাপদর সেনার চাকরি তাঁর বাড়ির লেক কোনওদিনই ঠিকমতো মেনে নেয়নি। রাধাপদর মা অম্বিকা হাজরা তবু ছেলের অকুতোভয় মনোভাব মেনে নিয়েছিলেন। আর কোনও মায়ের কোল যা এভাবে ফাঁকা না হয়, এখন এটাই প্রার্থনা এই প্রৌঢ়ার।

রাধাপদকে অবসর নেওয়ার জন্য বাড়ির লোকজন পীড়াপীড়ি করলেও তিনি রাজি হননি। ছেলের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ছুটিতে বাড়িতে আসার কথা ছিল তারাপদর। সেই সুযোগ তিনি পেলেন না। সাম্বদ্ধা সেক্টরে পাক স্নাইপারের গুলিতে নিহত হন বিএসএফের ১৭৩ নম্বর ব্যাটেলিয়নের কনস্টেবল রাধাপদ হাজরা।

তমলুকের রাখাল মেমোরিয়াল মাঠে জেলা পুলিশের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শেষ দিনে হকি স্টিক হাতে রাজ্যের পরিবহণ মন্ত্রী শুভেন্দু অধিকারী। ছবি-অনিমেষ প্রামানিক।

শ্যামপুরে তৃণমূলে যোগ দিলেন বামফ্রন্ট নেতা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: আশঙ্কা ছিল। ছিল জল্পনা ও উৎকণ্ঠা। ছিল দামোদর নদরে হুঁশিয়ারি বার্তাও। রাজ্যে যেভাবে বিজেপি নিজেদের তৃণমূলের প্রথম প্রতিদ্বন্দ্বী তকমা আদায় করেছে, তাতে হাওড়ার শ্যামপুর ১ নম্বর ব্লকের বাণেশ্বর পর ১ নম্বর অঞ্চলের শুখাকুটি গ্রামের মানুষরা ছিল দ্বিধাবিভক্ত। তবে সব জল্পনার অবসান ঘটিয়ে শুখাবুটি বুথের বামফ্রন্টের যুব নেতা আজিজুল হোসেন (মিঠু) বহু ভোটার নিয়ে শ্যামপুরের তৃণমূল বিধায়ক কালিপদ মণ্ডলের হাত থেকে তৃণমূলের পতাকা ধরালেন, যোগ দিলেন তৃণমূলে। স্থানীয় এলাকার প্রায় পঁচিশ-ত্রিশটি পরিবার তাঁর সঙ্গে যোগ দিল তৃণমূলে। এই যোগদনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় অঞ্চল সভাপতি আব্দুল রহমান, জলা পরিষদ সদস্য শ্রীধর মণ্ডল, পঞ্চায়েত সদস্য ইমন রহমান প্রমুখ। উদ্দেশ্য বাংলায় বিজেপিকে ঢুকতে দেওয়া যাবে না। আজিজুল সাহেব জানান, ভবিষ্যতে আরও অনেক বামফ্রন্টের কর্মী-সমর্থকরা তৃণমূলে যোগদান করবেন। এই যোগদান পর্ব আরও একবার প্রমাণ করল, মা-মাটি মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের প্রভাব। যার প্রমাণ মিলবে হাওড়া উলুবেড়িয়া লোকসভা উপনির্বাচনের ব্যালট বক্সে।

উলুবেড়িয়ায় নির্বাচনের প্রস্তুতি বৈঠক কংগ্রেসের

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়া জেলার উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনে জেলা কংগ্রেসের ডাকে উলুবড়িয়া থানার ১১ ফটকের কংগ্রেস কার্যালয়ে দলীয় প্রার্থী মাদ্রাসার হোসেন শেখ ওয়ারসিংকে নিয়ে জেলা কংগ্রেস নেতৃত্ব, উলুবেড়িয়া লোকসভার অন্তর্গত ৭টি বিধানসভা কেন্দ্রের কংগ্রেস নেতৃত্ব ও সকল শাখা সংগঠন ও সর্বস্তরের জনপ্রতিনিধিদের নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। এই নির্বাচন তৃণমূল নেতা ও প্রয়াত প্রাক্তন কেন্দ্রীয় সরকার পর্যটন দফতরের রাষ্ট্রমন্ত্রীতথা উলুবেড়িয়া লোকসভার দুইবারের সাংসদ সদস্য জনাব হাজী সুলতান আহমেদ গত ৪ সেপ্টেম্বর ২০১৭ অকাল মৃত্যুতে এই আসনটি খালি হয়। আগামী ২৯ জানুয়ারি উলুবেড়িয়ায় উপনির্বাচনে প্রার্থী ঘোষণা করেছে বামফ্রন্টের সাবিরুদ্দী মোল্লা, সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাজদা আহমেদ, ভারতীয় জাতীয় কংগ্রেসের হোসেন শেখ ওয়ারসি। শুক্রবার বৈঠকে উপস্থিত কংগ্রেস নেতা-কর্মীদের সঙ্গে আনুষ্ঠানিক পরিচিত হন কংগ্রেস পার্টির মাদ্রাসার হোসেন শেখ ওয়ারিস, তিনি চেঙ্গাইলে থাকেন ও ভূমি পুত্র। এলাকার মানুষদের জন্য সামাজিক বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। ওয়ারসি তরকারি ভক্ত, চাকরি করেন। সাবিরুদ্দীন মোল্লা উলুবেড়িয়া পুরসভার বামফ্রন্টের বিরোধী দলনেতা, ভূমি পুত্র এলাকার মানুষদের জন্য সামাজিক অবক্ষয় থেকে রক্ষা করতে সদা তৎপর হয়ে থাকেন। সাজদা আহমেদ গৃহবধূ কিন্তু রাজনৈতিক দলের ঘরানার। স্বামী প্রয়াত জনতো জনাম হাজী সুলতান আহমেদের সহধর্মিণী। নাম ঘোষণার পরপরই তিনি ও তাঁরদল তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মী-সমর্থক নির্বাচনের কর্মযজ্ঞে ঝাঁপিয়ে পড়েছেন। অপরদিকে বামফ্রন্টের সাবিরুদ্দীন মোল্লাও বামপন্থী নেতা-কর্মী-সমর্থক ও বিরোধীদের সঙ্গে পাল্লা দিয়ে প্রচারপর্ব করে চলেছেন। এদিন কংগ্রেসের একমাত্র বিধায়ক অসিত বরণ মিত্র বলেছেন, রাজ্য, জেলা, বিধানসভা কেন্দ্রের কংগ্রেস নেতা-কর্মীদের মধ্যে সমণ্বয়ে দ্রুত নির্বাচন প্রচারপর্ব শুরু করতে হবে। আমাদের সর্ব ভারতীয় কংগ্রেস দল একারণে প্রার্থী ঘোষণা করতে দেরী হল। একারণে প্রার্থীর সমর্থনে প্রচারপর্ব আমাদের পিছিয়ে পড়ার কোনও কারণ নেই। আমাদের স্বার্থে সমগ্র কেন্দ্র প্রচারের রূপরেখা তৈরি করে নেতাদের মধ্যে দায়িত্ব বণ্টন করে দিয়েছি।

শিল্পীদের দাবি আদায়ে বৈঠক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : উলুবেড়িয়া থানার খালিসানি কালীতলায় শিল্পী সংসদের হাওড়া জেলা কার্যালয়ে শুক্রবার এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সর্বভারতীয় রাজ্য ও জেলা নেতৃত্ব উপস্থিত ছিলেন। ১০-১৩ বছর পূর্বে নদিয়া জেলায় শিল্পী সংসদের সৃষ্টি হয় শিল্পকলার মান উন্নয়ন, শিল্পীদের জীবন জীবিকার তাগিদে সামাজিক সুরক্ষা সহ বিভিন্ন দাবি আদায়ে বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সর্বভারতীয় সাধারণ সম্পাদক সিদ্ধার্থ শেখর দাস। তিনি বলেছেন, ঐক্যবদ্ধ সম্প্রীতি বজায় রাখতে হবে। আমাদের সংস্কৃতি, কৃষ্টি, লোকাচার বিদ্যায় পারদর্শী হতে বিশ্ববিদ্যালয় তৈরি ও বয়স্ক শিল্পীদের ভাতা প্রদান, স্বাস্থ্য বিমা, চিকিৎসায় সর্বসহায়তা প্রদান করতে হবে। নিরাপত্তা রক্ষার স্বার্থে সমগ্র ভারতব্যাপী ধর্মীয় আঁধারে যুক্ত শান্তির বার্তাবাহক হিসেব পরিচিতি পত্র ও পুলিশি হয়রানির শিকার হতে রক্ষা করা, যাতায়াতে বাস, ট্রেন ও আকাশপথে ছাড়ের ব্যবস্থা করতে হবে বলে জানিয়েছেন, হাওড়া জেলা সম্পাদক উজ্জ্বল দে।

কাঁটাবেড়িয়ায় চক্ষু পরীক্ষা ও চিকিৎসা শিবির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: হাওড়া জেলার উলুবেড়িয়া থানার কাঁটাবেড়িয়া মসজিদ তলার আইডিয়া কেজি স্কুলে তুসলীবেড়িয়া দরগা শরীফ কমিটির উদ্যেগে, সঞ্জীবন হাসপাতাল ও ঝিলমিল আই কেয়ার এর সহযোগিতায় রোগ প্রতিরোধে করণীয় পরামর্শ ও চিকিৎসা শিবির, চক্ষু পরীক্ষা করা হয়। এলাকার মানুষদের জন্য এই স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য পরীক্ষা, চিকিৎসা শিবির ছিল। তার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তুলসীবেড়িয়া দরগা শরীফ। বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা ও স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শরীফের পীরজাদা রফিকুল ইসলাম খান বলেন, আমরা আশা করি ভাল কিছু করতে সাহায্য ও সহযোগিতা সকলের কাছে পাব।



শুক্রবার ত্রিকোণ পার্কে বিদেশি পাখি ও রঙিন মাছের প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেয়র শোভন চট্টোপাধ্যায় এবং পুরসভার চেয়ারপার্সন মালা রায় সহ অন্যান্যরা -ছবি অরিজিৎ গাঙ্গুলি।

গঙ্গাসাগর মেলায় ইসকন মায়াপুরের সেবা শিবির

প্রতি বছরের ন্যায় এবছরও মকর সংক্রান্তি উপলক্ষে গঙ্গাসাগর মেলায় ইসকনের প্রধান কেন্দ্র শ্রীধাম মায়াপুরের তত্ত্বাবধানে তীর্থযাত্রীদের জন্য সেবা শিবির তৈরি করা হয়েছে। ১২ জানুয়ারি শুক্রবার ২০১৮ থেকে চলবে ১৬ জানুয়ারি, মঙ্গলবার ২০১৮ পর্যন্ত পাঁচদিন ব্যাপী।

এবছর আমাদের লক্ষমাত্রা লক্ষাধিক তীর্থযাত্রীর জন্য সম্পূর্ণ বিনামূল্যে সারাদিনব্যাপী প্রসাদ বিতরণ করা, বিনামূল্যে চিকিৎসা শিবর ও বস্ত্র বিতরণ (কম্বল), গীতা দান ইত্যাদি। ছ'শোর বেশি স্বেচ্ছাসেবক এই অস্থায়ী সেবা শিবিরে নিরলসভাবে দিবা-রাত সেবায় নিযুক্ত থাকবেন। এছাড়াও তীর্থযাত্রীদের জন্য রাত্রিকালীন বিশ্রামের ব্যবস্থা থাকবে। আন্তর্জাতিক ভক্তবৃন্দ দ্বারা মেলা প্রাঙ্গণে চলবে বিশ্বশান্তি ও বিশ্বভ্রাতৃত্ববোধ জাগরণের উদ্দেশে মনোমুগ্ধকর হরিনাম সংকীর্তন।

বিশেষ আনন্দের সঙ্গে জানাচ্ছি যে গঙ্গাসাগর মহাতীর্থে ইসকনের একটি ছোট্ট সুন্দর শাখাকেন্দ্র গড়ে তোলা হবে। এই কেন্দ্রটি সর্বদাই তীর্থযাত্রী এবং স্থানীয় অধিবাসীদের সেবায় নিযুক্ত থাকবে। এই কেন্দ্রটি ভারতীয় সভ্যতা, সংস্কৃতির ধারক ও বাহন রুপে আবাল-বৃদ্ধ-বণিতা সকলের সুযোগ-সুবিধার দিকে লক্ষ রাখবে। তন্মধ্যে বিশেষ উল্লেখযোগ্য আধ্যাত্মিক চেতনার বিকাশ, শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি ও প্রাকৃতিক মনোরম সৌন্দর্যের জন্য গড়ে তোলা হবে বাগান, পার্ক, ঝর্না ও বিভিন্ন প্রদর্শনী। তীর্থযাত্রীদের জন্য সম্পূর্ণ নিরামিষ ভোজনের সুব্যবস্থা থাকবে।

আশা করছি, ২০২০ সালের মধ্যে প্রকল্পটি বাস্তবায়িত হবে। প্রকল্প রূপায়ণে বিশেষ সহযোগিতার জন্য পশ্চিমবঙ্গ সরকার ও শ্রী গোবিন্দ সাহাই গুপ্তাকে ধন্যবাদ জানাই। মহাসাধক কপিলমুনি এবং পতিত উদ্ধারিণী মা গঙ্গার কৃপায় প্রকল্পটি রূপায়িত হলে দেশ-বিদেশের অগণিত ভক্তবৃন্দ ও তীর্থযাত্রীদের আগমনে গঙ্গাসাগর সঙ্গম অনাবিল আনন্দে মুখরিত হয়ে উঠবে। আসুন, মহাতীর্থ গঙ্গাসাগর সঙ্গমে মহাসন্ধিক্ষণে অবগাহন করে আমাদের মানব জীবনকে ধন্য করি।

CHANGE OF NAME

I, AMIK K BARNI SON OF KHALIL AHMED, RESIDENT OF 403/294, WARD NO-5, DEBALPUR, PO-KHARAGPUR, PASCHIM MEDINIPUR, PIN-721301, W.B., SHALL HENCEFORTH BE KNOWN AS "AMIK BARNI" VIDE AN AFFIDAVIT BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 23/12/2017